# সিডনিতে প্রাক্তন ক্যাডেটদের পুনর্মিলনী:
# ক্যাডেটস ডে আউট

**আবুল হাসনাৎ মিলটনঃ** গত ২৭ সেপ্টেম্বর, রবিবার, সিডনির বুকে দ্বিতীয়বারের মত অনুষ্ঠিত হলো অস্ট্রেলিয়ায় বসবাসরত বাংলাদেশের সকল ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটদের পুনর্মিলনী অনুষ্ঠান। সিডনির প্যারাম্যাটা পার্কে দুপুরের আগেই ১২২ জন প্রাক্তন ক্যাডেট সপরিবারে মিলিত হয়েছিল এই অনুষ্ঠানে, এর মধ্যে আট জন ছিল ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের। সকাল এগারোটায় শুরু হওয়া এই পুনর্মিলনী অনুষ্ঠানে শিশুদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ নানা ধরনের প্রতিযোগিতা, মহিলাদের জন্য মিউজিক্যাল চেয়ার ও প্রাক্তন ক্যাডেটদের জন্য 'আন্তঃ ক্যাডেট কলেজ ডিম ছোড়া' প্রতিযোগিতার আয়োজন করা হয়। দুপুরে জিঞ্জার ইন্ডিয়ান রেস্টুরেন্টের পরিবেশনায় মধ্যাহ্ন ভোজন শেষে আয়োজন করা হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা ও র‍্যাফেল ড্রর। সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন বিভিন্ন ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটরা। কুইজ অুনষ্ঠানটি পরিচালনা করেন রফিকুল হাসান, সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন আহসানুর রহমান। এর ফাঁকে বৈকালিন চায়ের সাথে ডেজার্ট হিসেবে ছিল বনফুলের মিষ্টি চমচম ও জিলাপি। র‍্যাফেল ড্রতে বিজয়ী পাঁচজনকে পুরস্কৃত করা হয়। এই উপলক্ষে অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশী প্রাক্তন ক্যাডেটদের সংগঠনের পক্ষ থেকে একটি মনোজ্ঞ স্মরণিকা ও সুন্দর একটি ক্যাপ তৈরী করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে ধন্যবাদ জ্ঞাপন করেন ডাঃ আয়াজ চৌধুরী।



সারাদিনব্যাপী অনুষ্ঠিত এই পুনর্মিলনী অনুষ্ঠানে বিভিন্ন ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটরা তুমুল আড্ডায় মেতে ওঠে, মেলে ধরে স্মৃতির আধার। অপ্রত্যাশিত হিমেল হাওয়াও পারেনি তাদের এই মিলন মেলাকে ম্লান করে দিতে। এই অনুষ্ঠান শেষে জিঞ্জার ইন্ডিয়ান রেস্টুরেন্টের পক্ষ থেকে ভবিষ্যতে সকল প্রাক্তন ক্যাডেটকে সপরিবারে যে কোন খাবারের উপর দশ শতাংশ ছাড় দেওয়া হবে বলে ঘোষণা দেওয়া হয়েছে।

এই পুনর্মিলনী অনুষ্ঠান আয়োজনে ডঃ মাসুদুল হক, ইসমাইল হাসান, ডাঃ আয়াজ চৌধুরী, জামান মৃধা, নওশাদ শাহ, রফিকুল হাসান, সাইফুল চৌধুরী, আহসানুর রহমানসহ বিভিন্ন ক্যাডেট কলেজের প্রতিনিধি হিসেবে খুরশীদ রেজা, কাজী নাজমুল হাসান, ডঃ বদরম্নল খান, আসিফ হোসেন, ফিরোজ শওকত, আদনান হোসেন, শহিদুল আমিন, মেসবাউল ইসলাম, শাহেদ জালাল, মাহমুদ রাব্বী, শাহাদাত হেলাল, আতিক ফিরোজ, খালেদুন নবী, রাজু হুদা, ফজলে রাব্বী, ফারহানা রিফাত, লায়লা মীর, শাহেদুর রহমান ও তানভীর আহমেদ মূল ভূমিকা পালন করেন।

উল্লেখ্য, গত ২০০৫ সালে সিডনিতে প্রথমবারের মত বাংলাদেশের সকল ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটদের পুনর্মিলনী অনুষ্ঠিত হয়।